প্রাইম ইসলামী লাইফ ইন্স্যুরেন্স লিমিটেড
برائم اسلامى لائف انشورنس لميتيد
Prime Islami Life Insurance Limited

ISO 9001 : 2015 CERTIFIED

সেপ্টেম্বর ০৩, ২০২৬

সকল বিভাগীয় প্রধান, প্রধান কার্যালয়
ইনচার্জ, সকল কর্পোরেট জোন/জোন/সার্ভিস সেন্টার/এফপিআর সেন্টার/পূর্ণাঙ্গ সার্ভিস সেন্টার
ইনচার্জ, সকল সাংগঠনিক/এজেন্সি অফিস
সকল ডেস্ক কর্মকর্তা/কর্মচারী
সকল উন্নয়ন কর্মকর্তা/কর্মী

# অফিস প্রজ্ঞাপন নং ঃ ৭৭-২০২৬ (পুন: ইস্যু)

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গত জুন ২২, ২০২৫ তারিখ বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রন কর্তৃপক্ষ সরকারের অনুমোদনক্রমে বীমা এজেন্ট (নিয়োগ, নিবন্ধন ও লাইসেন্স) **বীমা এজেন্ট প্রবিধানমালা ২০২১"** সংশোধন করে নতুন নির্দেশনা ও শর্ত প্রদান করা হয়। কোম্পানীর সকল স্তরের কর্মকর্তাগণের জ্ঞাতার্থে সংশোধিত প্রবিধান মালার সকল নির্দেশনা ও শর্ত সমুহ পুন:রায় প্রকাশ করা হলো।

## বীমা এজেন্ট নিয়োগের নির্দেশনা ও শর্ত সমুহ

বীমা এজেন্ট নিয়োগ ও নিবন্ধনের জন্য আবেদনকারীকে কোম্পানীর নির্ধারিত অফিস সমুহ হতে (যে সকল অফিস সমুহে Agent License Online Module (ALO) এর মাধ্যমে নিয়োগের কার্যক্রম সম্পাদিত হয়) **IDRA** এর নির্ধারিত সফট্ওয়্যার Agent License Online Module (ALO) এর মাধ্যমে অনলাইনে আবেদন করতে হবে অতপর নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন হলে আবেদিত কর্মীর IDRA কর্তৃক প্রদত্ত কোডসহ সকল তথ্য অত্র কোম্পানীর সফটওয়্যারে এন্ট্রি করতে হবে।

| |
|---|
| নিয়োগের চাহিদাদি ঃ (ক) পাসপোর্ট সাইজ ছবি ২ কপি (খ) জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন এর ফটোকপি (গ) ব্যাংক একাউন্ট তথ্য (ঘ) এসএসসি পাশ শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের ফটোকপি। কোম্পানীর নির্ধারিত আবেদনপত্র পুরন পূর্বক চাহিদাদি সমুহ সংযুক্ত করে নিয়োগপ্রক্রিয়া সম্পন্ন করে নিয়োগ ফাইল প্রধান কার্যালয়ে প্রেরন করতে হবে। |

আবেদন যথযথভাবে সম্পন্ন হলে কর্তৃপক্ষ আবেদনকারীকে ১ বছরের জন্য অস্থায়ী এজেন্ট হিসেবে নিয়োগ প্রদান করবেন।

## লাইসেন্স প্রাপ্তির নির্দেশনা ও শর্ত সমুহ

১। অস্থায়ী এজেন্ট থাকা অবস্থায় অর্থাৎ নিয়োগের ১ বছরের মধ্যে ৬ টি পলিসি বিক্রয়, ১০,০০০/- টাকা আর্নিং অর্জন এবং ৭২ ঘন্টা প্রশিক্ষণ সম্পন্ন করতে হবে।

২। উক্ত শর্ত সমুহ সম্পন্ন করে নিয়োগের ১৩ তম মাসে লাইসেন্স এর জন্য আবেদন করবে এবং IDRA কর্তৃপক্ষ ৩ বছরের জন্য লাইসেন্স এর অনুমোদন দিবেন।

৩। লাইসেন্স ফি ১,৫০০/- (এক হাজার পাঁচ শত টাকা)।

## লাইসেন্স নবায়নের নির্দেশনা ও শর্ত সমুহ

- লাইসেন্সের মেয়াদ উত্তীর্ণ হইবার ত্রিশ (৩০) কার্যদিবস পূর্বে ৩৬ ঘন্টা প্রশিক্ষণ সম্পন্ন করে লাইসেন্স নবায়ন এর আবেদন করতে হবে।
- লাইসেন্সধারী এজেন্ট থাকা অবস্থায় বিক্রয়কৃত পলিসি সমুহের নবায়ন ব্যবসা সংরক্ষণের হার অন্যূন পঞ্চাশ ভাগ (৫০%) হইতে হইবে। (লাইসেন্সধারী হওয়ার ১ম ও ২য় বছরের হিসাব ধরা হইবে)।
- যথাযথভাবে আবেদনের প্রেক্ষিতে **IDRA** কর্তৃপক্ষ লাইসেন্সের মেয়াদ উত্তীর্ণের তারিখ হইতে পরবর্তী তিন (৩) বৎসর মেয়াদে লাইসেন্সটি নবায়ন করিবেন।



প্রধান কার্যালয় ঃ গাউছে পাক ভবন (১৪ তলা), ২৮/জি/১ টয়েনবী সার্কুলার রোড, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০, ফোন ঃ ৪১০৫০১৮০-৮৩
ই-মেইল ঃ pilil@primeislamilife.com, web : www.primeislamilife.com

- লাইসেন্স নবায়ন ফি এক হাজার (১,০০০/-) টাকা প্রদান করতে হবে।
- নিয়োগ, লাইসেন্স এবং লাইসেন্স নবায়নসহ প্রত্যেক ক্ষেত্রে মেয়াদ উত্তীর্ণ হবার পরবর্তী প্রতি ৩ মাসের জন্য বিলম্ব ফি ১০০/- টাকা।
- এজেন্টদের লাইসেন্স গ্রহন (নতুন) ও লাইসেন্স নবায়ন ফি'র উপর উৎসে মূল্য সংযোজন কর ১৫% হিসাবে MR কর্তন করতে হবে।

এমতাবস্থায় ''**বীমা এজেন্ট প্রবিধানমালা ২০২১**" (সংশোধিত) যথাযথভাবে পরিপালনের জন্য সংশ্লিষ্ট সকলকে কঠোরভাবে নির্দেশ দেয়া যাচ্ছে।

মোঃ সামছুল আলম
ব্যবস্থাপনা পরিচালক ও সিইও

সেপ্টেম্বর ০৩, ২০২৬

সকল বিভাগীয় প্রধান, প্রধান কার্যালয়
ইনচার্জ, সকল কর্পোরেট জোন/জোন/সার্ভিস সেন্টার/এফপিআর সেন্টার/পূর্ণাঙ্গ সার্ভিস সেন্টার
ইনচার্জ, সকল সাংগঠনিক/এজেন্সি অফিস
সকল ডেস্ক কর্মকর্তা/কর্মচারী
সকল উন্নয়ন কর্মকর্তা/কর্মী

## অফিস প্রজ্ঞাপন নং ঃ ৭৭-২০২৬ (পুন: ইস্যু)

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গত জুন ২২, ২০২৫ তারিখ বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রন কর্তৃপক্ষ সরকারের অনুমোদনক্রমে বীমা এজেন্ট (নিয়োগ, নিবন্ধন ও লাইসেন্স) **বীমা এজেন্ট প্রবিধানমালা ২০২১"** সংশোধন করে নতুন নির্দেশনা ও শর্ত প্রদান করা হয়। কোম্পানীর সকল স্তরের কর্মকর্তাগণের জ্ঞাতার্থে সংশোধিত প্রবিধান মালার সকল নির্দেশনা ও শর্ত সমুহ পুন:রায় প্রকাশ করা হলো।

**বীমা এজেন্ট নিয়োগের নির্দেশনা ও শর্ত সমূহ**

বীমা এজেন্ট নিয়োগ ও নিবন্ধনের জন্য আবেদনকারীকে কোম্পানীর নির্ধারিত অফিস সমুহ হতে (যে সকল অফিস সমুহে Agent License Online Module (ALO) এর মাধ্যমে নিয়োগের কার্যক্রম সম্পাদিত হয়) IDRA এর নির্ধারিত সফট্ওয়্যার Agent License Online Module (ALO) এর মাধ্যমে অনলাইনে আবেদন করতে হবে অতপর নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন হলে আবেদিত কর্মীর IDRA কর্তৃক প্রদত্ত কোডসহ সকল তথ্য অত্র কোম্পানীর সফ্টওয়্যারে এন্ট্রি করতে হবে।

নিয়োগের চাহিদাদি ঃ (ক) পাসপোর্ট সাইজ ছবি ২ কপি (খ) জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন এর ফটোকপি (গ) ব্যাংক একাউন্ট তথ্য (ঘ) এসএসসি পাশ শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের ফটোকপি। কোম্পানীর নির্ধারিত আবেদনপত্র পুরন পূর্বক চাহিদাদি সমুহ সংযুক্ত করে নিয়োগপ্রক্রিয়া সম্পন্ন করে নিয়োগ ফাইল প্রধান কার্যালয়ে প্রেরন করতে হবে।

আবেদন যথাযথভাবে সম্পন্ন হলে কর্তৃপক্ষ আবেদনকারীকে ১ বছরের জন্য অস্থায়ী এজেন্ট হিসেবে নিয়োগ প্রদান করবেন।

**লাইসেন্স প্রাপ্তির নির্দেশনা ও শর্ত সমূহ**

১। অস্থায়ী এজেন্ট থাকা অবস্থায় অর্থাৎ নিয়োগের ১ বছরের মধ্যে ৬ টি পলিসি বিক্রয়, ১০,০০০/- টাকা আর্নিং অর্জন এবং ৭২ ঘন্টা প্রশিক্ষণ সম্পন্ন করতে হবে।

২। উক্ত শর্ত সমুহ সম্পন্ন করে নিয়োগের ১৩ তম মাসে লাইসেন্স এর জন্য আবেদন করবে এবং IDRA কর্তৃপক্ষ ৩ বছরের জন্য লাইসেন্স এর অনুমোদন দিবেন।

৩। লাইসেন্স ফি ১,৫০০/- (এক হাজার পাঁচ শত টাকা)।

**লাইসেন্স নবায়নের নির্দেশনা ও শর্ত সমূহ**

- লাইসেন্সের মেয়াদ উত্তীর্ণ হইবার ত্রিশ (৩০) কার্যদিবস পূর্বে ৩৬ ঘন্টা প্রশিক্ষণ সম্পন্ন করে লাইসেন্স নবায়ন এর আবেদন করতে হবে।
- লাইসেন্সধারী এজেন্ট থাকা অবস্থায় বিক্রয়কৃত পলিসি সমুহের নবায়ন ব্যবসা সংরক্ষণের হার অন্যূন পঞ্চাশ ভাগ (৫০%) হইতে হইবে। (লাইসেন্সধারী হওয়ার ১ম ও ২য় বছরের হিসাব ধরা হইবে)।
- যথাযথভাবে আবেদনের প্রেক্ষিতে IDRA কর্তৃপক্ষ লাইসেন্সের মেয়াদ উত্তীর্ণের তারিখ হইতে পরবর্তী তিন (৩) বৎসর মেয়াদে লাইসেন্সটি নবায়ন করিবেন।

- লাইসেন্স নবায়ন ফি এক হাজার (১,০০০/-) টাকা প্রদান করতে হবে।
- নিয়োগ, লাইসেন্স এবং লাইসেন্স নবায়নসহ প্রত্যেক ক্ষেত্রে মেয়াদ উত্তীর্ণ হবার পরবর্তী প্রতি ৩ মাসের জন্য বিলম্ব ফি ১০০/- টাকা।
- এজেন্টদের লাইসেন্স গ্রহন (নতুন) ও লাইসেন্স নবায়ন ফি'র উপর উৎসে মূল্য সংযোজন কর ১৫% হিসাবে MR কর্তন করতে হবে।

এমতাবস্থায় **''বীমা এজেন্ট প্রবিধানমালা ২০২১''** (সংশোধিত) যথাযথভাবে পরিপালনের জন্য সংশ্লিষ্ট সকলকে কঠোরভাবে নির্দেশ দেয়া যাচ্ছে।

মোঃ সামছুল আলম
ব্যবস্থাপনা পরিচালক ও সিইও

অনুলিপি ঃ

১. অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক।
২. অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক ও ইনচার্জ, উন্নয়ন প্রশাসন বিভাগ।
৩. মাষ্টার ফাইল।
৪. অফিস কপি।